



ইসলামী শিক্ষা সত্ত্বে উপলক্ষে ছাত্রশিবিরের কর্মীরা গতকাল বাজধানীতে একটি বর্ণাঢ্য র্যালি বের করে। র্যালির আয়োজন করে ছাত্রশিবির ঢাকা মহানগরী (দক্ষিণ)

অবিলম্বে ইসলামী শিক্ষা ব্যবস্থা প্রবর্তন করতে হবে - ছাত্রশিবির

প্রেস বিজ্ঞপ্তি : ইসলামী ছাত্রশিবিরের নেতৃবৃন্দ বলেছেন, মুসলিম সংখ্যাগরিষ্ঠ এ বাংলাদেশের জনগণের হৃদয়ের দাবীকে উপেক্ষা করে সেকুল্যার শিক্ষা ব্যবস্থা প্রবর্তন করা হয়েছে। এর মাধ্যমে আদর্শ নাগরিক তৈরী না হয়ে তৈরী হচ্ছে মাসলম্যান। নেতৃবৃন্দ অবিলম্বে ইসলামী শিক্ষা ব্যবস্থা প্রবর্তনের দাবী জানান। দেশব্যাপী ইসলামী শিক্ষা সত্ত্বে উত্থোধন উপলক্ষে গতকাল (রবিবার) ছাত্রশিবির ঢাকা মহানগরী (দক্ষিণ) আয়োজিত র্যালি-পূর্ব সমাবেশে নেতৃবৃন্দ এ কথা বলেন। ইসলামী শিক্ষা ব্যবস্থা প্রবর্তনের দাবীতে ছাত্রশিবির দেশব্যাপী ইসলামী শিক্ষা সত্ত্বে পানন করছে।

বাগতুল মোকাররম উত্তর গেটে আয়োজিত সমাবেশে সভাপতিত্ব করেন শাখা সভাপতি আজিজুর রহমান। প্রধান অতিথি ছিলেন শিবিরের কেন্দ্রীয় সভাপতি নূরুল ইসলাম বুলবুল। বক্তব্য রাখেন অ স ম ফারুক সেলিম উদ্দিন, আবদুল্লাহ আল আরিফ, আলতাফুদ্দিন সিকদার, জাহিদুর রহমান প্রমুখ। সমাবেশ শেষে একটি বর্ণাঢ্য র্যালি নগরীর বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে।